দৈনিক
ইত্তেফাক

তারিখ 8 MAR 2009
পৃষ্ঠা ১৫ কলাম ১

# জবিতে ছাত্রলীগের হামলায় ছাত্রদলের ২ কর্মী আহত

॥ জবি সংবাদদাতা ॥

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ কর্মীদের হামলায় ছাত্রদলের দুই কর্মী আহত হয়েছে। গতকাল শনিবার দুপুরে ছাত্রদল কর্মী বাংলা ৩য় সেমিস্টারের কামরুল ও হিসাব বিজ্ঞান ৩য় সেমিস্টারের রাজীব বাণিজ্য অনুষদের দ্বিতীয় তলায় বসে কথা বলছিল। পূর্ব শত্রুতার জের ধরে এ সময় ছাত্রলীগ কর্মী শাহাদাত ও সজীবের নেতৃত্বে ১০/১৫ জন তাদেরকে পিটিয়ে গুরুতর আহত করে। ছাত্রদল নেতারা তাদেরকে উদ্ধার করে স্থানীয় ক্লিনিকে ভর্তি করেন। জগন্নাথ বিশ্ববিদ্যায় ছাত্রদল সভাপতি এবিএম পারভেজ রেজা এ ঘটনার নিন্দা জানিয়েছেন।